# AKASHVANI (Kolkata)
# Regional News Unit
# Date : 21.03.2025
# Time : 7.50 P.M.

**Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ লন্ডনের হিথরো বিমান বন্দরে অগ্নিকাণ্ডের জেরে বিমান চলাচল বন্ধ থাকায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আগামীকালের লন্ডনযাত্রা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

২/ সরকার পক্ষ থেকে ইতিবাচক ইঙ্গিত মেলায় আগামী সোম ও মঙ্গলবার ব্যাঙ্ককর্মীদের ৯ টি সংগঠনের যৌথ মঞ্চের প্রস্তাবিত ধর্মঘট আপাতত স্থগিত রাখা হয়েছে।

৩/ পূর্ব বর্ধমানের দেওয়ানদিঘী থানার আলমপুরে জাতীয় সড়কে আজ দুপুরে দুটি যাত্রী বোঝাই বেসরকারি বাসের মুখোমুখি সংঘরসে আহত হয়েছেন দুটি বাসের প্রায় ৭৫ জন যাত্রী ।

৪/ হাওড়ার লিলুয়ার বেলগাছিয়া ভাগাড়ে নতুন করে ধস নামায় মেরামতির সময়ে জলের পাইপ লাইন ফেটে উত্তর হাওড়ার বিস্তীর্ণ এলাকায় জল সরবরাহ বন্ধ।

৫/ আজ আন্তর্জাতিক অরণ্য দিবস।

# আজ দিনটি ডাউন সিনড্রোম দিবস হিসেবেও পালিত হচ্ছে।

৬/ আগামীকাল ইডেনে আই পি এল ক্রিকেটের উদ্বোধন।

*****************************************************************

লন্ডনের হিথ্রো বিমান বন্দরে অগ্নিকাণ্ডের জেরে বিমান চলাচল বন্ধ থাকায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আগামীকালের লন্ডনযাত্রা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

সাতদিনের ব্রিটেন সফরে মুখ্যমন্ত্রীর আগামীকাল রওনা হওয়ার কথা। হিথরো বিমান বন্দর কর্তৃপক্ষ আজ মধ্যরাত পর্যন্ত বিমান চলাচল আপাতত বন্ধ রাখার কথা জানিয়েছে। সেই সময়সীমা আরো বাড়ানো হলে, মুখ্যমন্ত্রীর সফরসূচিতে কিছুটা বদল আনা হতে পারে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। সেক্ষেত্রে আগামীকালের পরিবর্তে তাঁর সোমবার সফর শুরু হতে পারে।

এদিকে, মুখ্যমন্ত্রীর বিদেশ সফর নিয়ে কটাক্ষ করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। বহরমপুরে আজ দলীয় কার্যালয়ে তিনি সাংবাদিকদের বলেন, এরাজ্যের মানুষ এই সফর থেকে কি পাবেন, সেটাই দেখার।

***************************

সরকার পক্ষ থেকে ইতিবাচক ইঙ্গিত মেলায় আগামী সোম ও মঙ্গলবার ব্যাঙ্ককর্মীদের ৯ টি সংগঠনের যৌথ মঞ্চের প্রস্তাবিত ধর্মঘট আপাতত স্থগিত রাখা হয়েছে।

নতুন দিল্লিতে আজ United Forum of Bank Unions - UFBU এর প্রতিনিধিদের সঙ্গে Indian Banks' Association- IBA ও Department of Financial services- DFS-এর ত্রিপাক্ষিক বৈঠকের পর এই ধর্মঘট স্থগিত রাখার কথা ঘোষণা করা হয়। UFBU এর আহ্বায়ক সুদীপ দত্ত আকাশবাণীকে এক একান্ত সাক্ষাৎকারে জানান,

( বাইট- সুদীপ দত্ত )

উল্লেখ্য, রাষ্ট্রায়ত্ত ব্যাংকে, কর্মী নিয়োগ, ৫ দিনের ব্যাঙ্কিং সহ কয়েক দফা দাবিতে UFBU-এর পক্ষ থেকে আগামী সোম ও মঙ্গল দেশ জুড়ে ব্যাঙ্ক ধর্মঘট এর ডাক দেওয়া হয়েছিল।

****************************

পূর্ব বর্ধমানের দেওয়ানদিঘী থানার আলমপুরে জাতীয় সড়কে আজ দুপুরে দুটি যাত্রী বোঝাই বেসরকারি বাসের মুখোমুখি সংঘরসে আহত হয়েছেন দুটি বাসের প্রায় ৭৫ জন যাত্রী। তাদের একটি বাস এবং দুটি ছোট গাড়ি করে নিয়ে যাওয়া হয় মেডিকেল কলেজ হাসপাতালে।

স্থানীয় সূত্রে জানা গেছে, একটি বাস ইলাম বাজার থেকে বর্ধমানের দিকে আসছিল, অন্যটি বর্ধমান থেকে গুসকরার দিকে যাচ্ছিল। বাসের যাত্রীরা জানিয়েছেন, রেষারেষি করে ওভারটেক করতে গিয়েই দুর্ঘটনা ঘটে। গুসকরা মুখী বাসের চালক নিয়ন্ত্রণ হারিয়ে বর্ধমান মুখী বাসের সামনে ধাক্কা মারে। বাসের চালক মদ্যপ অবস্থায় ছিল বলে জানিয়েছেন বাসের যাত্রী এবং স্থানীয়রা।

দুর্ঘটনার জেরে রাস্তায় কিছুক্ষন যান চলাচল বন্ধ হয়ে যায়।

****************************

হাওড়ার সাঁকরাইল থানা এলাকার ইন্ড্রাষ্ট্রিয়াল পার্কে একটি প্লাষ্টিক প্যাকেজিং কারখানায় আজ বিকেল সাড়ে চারটে নাগাদ আগুন লাগে। দমকলের ১৫টি গাড়ি আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছে। হতাহতের কোনো খবর নেই।

****************************

পানিহাটি পুরসভার নতুন চেয়ারম্যান হিসেবে মনোনীত হয়েছেন সোমনাথ দে। আজ স্থানীয় বিধায়ক নির্মল ঘোষের উপস্থিতিতে বোর্ড মিটিংয়ে পুরসভার ৩৫ জন কাউন্সিলরের মধ্যে উপস্থিত ৩২ জন কাউন্সিলরই সোমনাথ দে কে চেয়ারম্যান হিসেবে মেনে নেন। পানীহাটির পদত্যাগী চেয়ারম্যান মলয় রায় বৈঠকে উপস্থিত ছিলেন না।
সোমনাথ দে জানিয়েছেন, শপথ নেওয়ার পর পানীহাটির জঞ্জাল সমস্যা নিরসনই তার কাজে অগ্রাধিকার পাবে। এছাড়া আরো উন্নততর পুর পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়াই তার লক্ষ্য হবে।

****************************

পশ্চিম মেদিনীপুরে খড়গপুর পুরসভার ৬ নম্বর ওয়ার্ডের মালঞ্চ এলাকায় আজ MPLAD-এর টাকায় তৈরী একটি রাস্তা উদ্বোধনে গিয়ে, স্থানীয়দের বিক্ষোভের মুখে পড়েন, বিজেপির মেদিনীপুরের প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ। বিক্ষোভরত মহিলাদের সঙ্গে সাময়িক বচসায় জড়িয়ে পড়েন তিনি। কয়েকজন উত্তেজিত যুবক দিলীপ ঘোষের গাড়ি আটকানোর'ও চেষ্টা করে বলে অভিযোগ।

বিজেপি নেতার দাবী, তৃণমূল কংগ্রেসের প্ররোচনাতেই বিনা কারণে এই গোলমাল বাঁধানোর চেষ্টা। শাসক দলের পক্ষে অবশ্য অভিযোগ অস্বীকার করা হয়েছে।

****************************

সেনাবাহিনীর ত্রি শক্তি কোর-এর উদ্যোগে শিলিগুড়ির বেংডুবি মিলিটারি স্টেশন - এর ১৫৮ বেস হাসপাতালে ৫ দিন ব্যাপী এক চক্ষু শিবিরের আয়োজন করা হয়। সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের প্রধান লেফটেন্যান্ট জেনারেল আর সি তিওয়ারি গতকাল এর সূচনা করেন। জাতীয় অন্ধত্ব এবং দৃষ্টি প্রতিবন্ধকতা নিয়ন্ত্রণ কর্মসূচীর আওতায় এই শিবিরে ৩৫০ জনেরও বেশি প্রাক্তন সেনা কর্মী ও তাদের পরিবার এবং কয়েকজন অসামরিক ব্যক্তির চোখের ছানি অস্ত্রোপচার সহ অন্য চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।

****************************

বিশ্ব আবহাওয়া সংগঠন দিবসে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা- 'হাওয়া মোরগ' ।
আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ সোমনাথ দত্তের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল।
অনুষ্ঠানের **প্রথম পর্ব** শোনা যাবে **আগামী রবিবার** গীতাঞ্জলী ও সঞ্চয়িতায় রাত সাড়ে ৮টায়। **দ্বিতীয় পর্ব** শোনা যাবে **আগামী মঙ্গলবার** সঞ্চয়িতায় রাত সাড়ে ৮'টায়।
এই আলোচনা আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সামাজিক মাধ্যমেও পাওয়া যাবে।

****************************

হাওড়ার লিলুয়ার বেলগাছিয়া ভাগাড়ে নতুন করে ধস নামায় তা মেরামতির সময়ে জলের পাইপ লাইন ফেটে উত্তর হাওড়ার বিস্তীর্ণ এলাকায় জল সরবরাহ বন্ধ। শিবপুর বিধানসভার একাংশেও এর প্রভাব পড়েছে। গরমে তীব্র জল সংকটে পড়েছেন নাগরিকরা।

এদিকে, পরিস্থিতি মোকাবিলায় হাওড়া পুরনিগমে জরুরি বৈঠক ডাকা হয়েছে। সংকট মোকাবিলায় বিভিন্ন এলাকায় অতিরিক্ত জলের গাড়ি পাঠানো হচ্ছে। এমনকি, পার্শ্ববর্তী হুগলি জেলার উত্তরপাড়া পুরসভা থেকেও জলের গাড়ি আনা হচ্ছে বলে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন।

হাওড়া পুরনিগমের মুখ্য প্রশাসক ডা: সুজয় চক্রবর্তী আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, ফেটে যাওয়া জলের পাইপ লাইন দ্রুত মেরামতির কাজ এখনও সফল হয়নি। পুরনো লাইন সারাতে এখনও দু-এক দিন সময় লাগবে।

( বাইট- সুজয় )

আগেই জানানো হয়েছে, বেলগাছিয়ার ভাগাড়ে গতকাল পানীয় জলের পাইপলাইন ফেটে এলাকা জলমগ্ন হয়ে পড়ে। জলের স্রোত এতটাই ছিল যে, এলাকার বাসিন্দারা আতঙ্কে ঘর থেকে বাইরে বেরিয়ে আসেন।

****************************

তীব্র গরমে জল সঙ্কটে জেরবার মালদা জেলার হরিশ্চন্দ্রপুর সদর এলাকার বাসিন্দারা। আজ সকালে জলের দাবিতে মারওয়াড়ি পাড়ায়, হাসপাতালগামী রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান এলাকার মহিলারা। আটকে দেওয়া হয় রাস্তা সংস্কারের কাজ। প্রবল বিক্ষোভের মুখে পড়তে হয় পুলিশ ও তৃণমূলের স্থানীয় পঞ্চায়েত সদস্যার স্বামীকে। বিক্ষোভকারীদের অভিযোগ, এখনও বাড়ি বাড়ি জন স্বাস্থ্য কারিগরী দপ্তরের জলের সংযোগ পৌঁছয়নি। পরে অবশ্য PHE-র ইঞ্জিনিয়াররা ঘটনাস্থলে গিয়ে সমস্যা সমাধানের আশ্বাস দিলে অবরোধ তুলে নেওয়া হয়।

রাজ্যের প্রতিমন্ত্রী তাজমুল হোসেন'ও, দ্রুত বাড়ি বাড়ি জল পৌঁছে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। অন্যদিকে, স্থানীয় বিজেপি নেতৃত্বের অভিযোগ, সদর এলাকায় তাদের ভোট বেশি থাকায়, নাগরিকদের জল পরিষেবা থেকে বঞ্চিত করছে তৃণমূল।

এদিকে, বেহাল জল নিকাশি ব্যবস্থার অভিযোগে পুরুলিয়ায় গোপালনগর বাজারে রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। তাঁদের দাবী, গোপালনগর বাজার এলাকায় যে কালভার্ট তৈরী হচ্ছে, তার ফলে রাস্তার ধারের নর্দমা বুজে গিয়ে জমা জলে দুর্গন্ধ ছড়াচ্ছিল। ভারী বৃষ্টিতে আজ সেই জল নর্দমা ছাপিয়ে আশেপাশের বাড়িতে ঢুকতে শুরু করে।

****************************

আজ আন্তর্জাতিক অরণ্য দিবস। বন সংরক্ষণ ও পরিবেশ, বাস্তুতন্ত্র এবং জলবায়ু স্বাভাবিক রাখতে সচেতনতা বাড়াতে রাষ্ট্রসংঘ সাধারণ সভা ২১ শে মার্চ দিনটিকে অরণ্য দিবস পালনের কথা ঘোষণা করে। এই বছরের মূল ভাবনা- " অরণ্য ও খাদ্য'।

এই উপলক্ষে রাজ্য জুড়ে সরকারি ও বেসরকারি তরফে নানা কর্মসূচি পালিত হচ্ছে। বন সম্পদ সংরক্ষণ ও অরণ্যজীবী মানুষের সুরক্ষার কথা মাথায় রেখে সচেতনতা শিবিরে অংশ নেন সরকারি আধিকারিক ও বিভিন্ন সংগঠনের কর্মীরা।

বিশ্ব ঐতিহ্য সুন্দরবন রক্ষায় রাজ্য সরকার স্থানীয় বাসিন্দাদের সঙ্গে একত্রে যৌথ কর্মসূচি হাতে নিয়েছে। দক্ষিণ ২৪ পরগনা জেলার মুখ্য বনপাল নীশা গোস্বামী আকাশবাণীকে বলেন, নিয়মিত পর্যবেক্ষণ, ম্যানগ্রোভ রোপন ও তার সংরক্ষণে জেলা প্রশাসন সদা তৎপর রয়েছে।

( বাইট- নীশা গোস্বামী )

****************************

আজ বিশ্ব ডাউন সিনড্রোম দিবস। এই রোগে আক্রান্ত মানুষদের শিক্ষা স্বাস্থ্য পরিষেবা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর ২১শে মার্চ দিনটি পালিত হয়। এবছর ডাউন সিনড্রোম ডের মূল ভাবনা- improve our support systems বা রোগী সহায়ক ব্যবস্থাপনার উন্নয়ন।

এরাজ্যেও নানা কর্মসূচীর মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে।

****************************

অষ্টাদশ ইন্ডিয়ান প্রিমিয়ার লীগ ক্রিকেট আগামীকাল শুরু হচ্ছে। কলকাতার ইডেন গার্ডেন্সে প্রথম ম্যাচেই গতবারের চ্যাম্পিয়ান কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখই হবে। একটি প্রতিবেদন,

( ভিসি- অরিজিত দত্ত )

*******************************************************************